# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** **১০**

(ক) সত্যবাদিতা (খ) বই পড়া

**২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** **১০**

(ক) মনে করো, তুমি অয়ন। পাবনার পাড়াতলীতে থাক। তোমার বন্ধু সুকুমার রাজশাহীর সারদাতে থাকে। তোমার ভবিষ্যৎ জীবনের লক্ষ্য জানিয়ে বন্ধুর কাছে পত্র লেখ।

অথবা, (খ) দরিদ্র তহবিল থেকে সাহায্য প্রাপ্তির জন্য তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখ।

**৩. সারাংশ লেখো:** **১০**

(ক) তুমি জীবনকে সার্থক, সুন্দর করিতে চাও? ভালো কথা। কিন্তু সে জন্য তোমাকে প্রাণান্ত পরিশ্রম করিতে হইবে। সব তুচ্ছ করিয়া যদি তুমি লক্ষ্যের দিকে ক্রমাগত অগ্রসর হইতে পার, তবে তোমার জীবন সুন্দর হইবে। আরও আছে। তোমার ভিতর এক 'আমি' আছে যে বড় দুরন্ত। তাহার স্বভাব পশুর মতো বর্বর ও উচ্ছৃঙ্খল। সে কেবল ভোগ-বিলাস চায়। সে বড় লোভী। এই 'আমি'-কে জয় করিতে হইবে। তবেই তোমার জীবন সার্থক ও সুন্দর হইয়া উঠিবে।

https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) তরুতলে বসে পান্থ শ্রান্তি করে দূর,
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙ্গে লয়,
তরু তবু অকাতর, কিছু নাহি কয়।
দুর্লভ মানব জনম পেয়েছ যখন,
তরুর আদর্শ কর জীবনে গ্রহণ।
পরার্থে আপন সুখ দিয়ে বিসর্জন,
তুমিও হয়গো ধন্য তরুর মতন।

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** **১০**

(ক) দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়।

(খ) প্রাণ থাকলেই প্রাণী, কিন্তু মন থাকলে মানুষ হয় না।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** **১০**

(ক) একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনার বিবরণ দিয়ে একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) বিদ্যুৎবিভ্রাট ও লোডশেডিং-বিষয়ক একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** **২০**

(ক) আমার শৈশব স্মৃতি

(খ) কম্পিউটার

(গ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য

Teachingbd24.com

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. বাংলা ভাষায় প্রচলিত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে কী বলে?**
ⓚ পারিভাষিক শব্দ ⓚ সাধিত শব্দ
ⓖ রূঢ়ি শব্দ ⓖ তৎসম শব্দ

**২. পরিবর্তিত উচ্চারণে ইংরেজি শব্দ কোনটি?**
ক) নভেল খ) হাসপাতাল
গ) ফুটবল ঘ) স্কুল

**৩. নিচের কোনটি খাঁটি বাংলা শব্দ?**
ক) জ্যোছনা খ) চাকু
গ) চামার ঘ) ঢেঁকি

**৪. 'প' বর্গীয় ধ্বনিগুলোর উচ্চারণ স্থান অনুযায়ী নাম কী?**
ক) কণ্ঠ্য ধ্বনি খ) তালব্য ধ্বনি
গ) মূর্ধন্য ধ্বনি ঘ) ওষ্ঠধ্বানি

**৫. কোন দুইটি মহাপ্রাণ ধ্বানি?**
ক) ক, চ খ) খ, ছ
গ) গ, জ ঘ) ঘ, ঝ

**৬. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?**
ক) আজি > আইজ খ) পিশাচ > পিচাশ
গ) পাকা > পাক্কা ঘ) স্কুল > ইস্কুল

**৭. স্বভাবত 'ষ' এর ব্যবহার হয়েছে কোন শব্দে?**
ক) অনুষঙ্গ খ) অভিষেক
গ) অনুষ্ঠান ঘ) অভিলাষ

**৮. ত বর্গীয় বর্ণের আগে কখনো কী হয় না?**
ক) ন খ) ণ
গ) স ঘ) শ

**৯. 'অ' কার-কিংবা 'আ' কার-এর পর 'উ' কার কিংবা উ-কার থাকলে উভয়ে মিলে কী হয়?**
ক) ও-কর খ) ঐ কার
গ) ঔ কার ঘ) এ কার

**১০. সংস্কার শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক) সঃ + কার খ) সম + কার
গ) সং + কার ঘ) সৎ + কার

**১১. কোনটি বৃহদার্থক স্ত্রীবাচক শব্দ?**
ক) মাতুলানী খ) ভিখারিনী
গ) অরন্যানী ঘ) কাঙ্গালিনী

**১২. কোনটি 'নী' প্রত্যয়যুক্ত স্ত্রীবাচক শব্দ?**
ক) বাঘিনী খ) ধোপানী
গ) কমনী ঘ) ভাগনী

**১৩. কোন দ্বিরুক্তিটি ধ্বনাত্মক?**
ক) ঝন ঝন খ) শীতশীত
গ) পড়ো পড়ো ঘ) হাতে হাতে

**১৪. 'আমার জ্বর জ্বর লাগছে'- এ বাক্যে দ্বিরুক্ত শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক) আধিক্য খ) সামান্য
গ) আতিশয্য ঘ) ধারাবাহিকতা

**১৫. 'এক বিংশ' কোন জাতীয় শব্দ?**
ক) অঙ্ক বাচক খ) গণনা বাচক
গ) পূরণ বাচক ঘ) তারিখ বাচক

**১৬. উপমান কর্মধারয় সমাস কোনটি?**
ক) মুখচন্দ্র খ) ক্রোধানল
গ) তুষারশুভ্র ঘ) মনমাঝি

**১৭. তৎসম উপসর্গ মোট কয়টি?**
ক) ১৯টি খ) ২০টি
গ) ২১টি ঘ) ২২টি

**১৮. কোন ধাতু বিশ্লেষণ সাপেক্ষ নয়?**
ক) স্বয়ংসিদ্ধ ধাতু খ) সাধিত ধাতু
গ) যৌগিক ধাতু ঘ) নাম ধাতু

https://teachingbd24.com

১৯. বিশেষ্য বিশেষণ বা অনুকার-অব্যয়ের পর 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে কী বলে?

ⓚ সাধিত ধাতু ⓚ সংযোগমূলক ধাতু

ⓖ নাম ধাতু ⓖ প্রযোজক ধাতু

২০. 'উঁচা, লুকা, কুড়া'-এর আদিগণ কোনটি?

ক) লাফা খ) নাহা

গ) ফিরা ঘ) ধোয়া

* নোট: সঠিক উত্তর- ঘুরা

২১. 'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?-এ বাক্যের অব্যয়টির নাম কি?

ক) অনুসর্গ অব্যয় খ) অনুকার অব্যয়

গ) অন্বয়ী অব্যয় ঘ) সমুচ্চয়ী অব্যয়

২২. কোনটি প্রযোজক ক্রিয়ার উদাহরণ?

ক) কঞ্চিটি বাঁকিয়ে ধরো

খ) সাইরেন বেজে উঠল

গ) খোকাকে কাঁদিও না

ঘ) আকাশে চাঁদ দেখিনি

২৩. কোন বাক্যটিতে নির্দেশকভাব প্রকাশ পেয়েছে?

ক) আপনি কি আসবেন

খ) মিথ্যা বলবে না

গ) শিক্ষককে মান্য করবে

ঘ) মানুষ হও

২৪. 'বৃষ্টি আসে আসুক' বাক্যে ক্রিয়াপদটি কোন ভাব প্রকাশ করে?

ক) সাপেক্ষ ভাব

খ) নির্দেশক ভাব

গ) আকাঙ্ক্ষা প্রকাশ ভাব

ঘ) অনুজ্ঞা ভাব

২৫. যে সকল অত্যাচার সয়ে যায়-এর সংক্ষেপণ কী হবে?

ক) সর্বংসহা খ) সর্বসহ্যকারী

গ) সহনশীল ঘ) সহ্যশীল

২৬. সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা-এক কথায় কী হবে?

ক) সংবর্ধনা খ) অভিনন্দন

গ) ক্ষণজন্মা ঘ) প্রত্যুদগমন

২৭. 'গুণহীনের ব্যর্থ আস্ফালন' অর্থটি কোন প্রবাদে ব্যক্ত হয়েছে?

ক) কানা ছেলের নাম পদ্মলোচন

খ) ঘুঘু দেখছ ফাঁদ দেখনি

গ) আসারের তর্জন গর্জন সার

ঘ) আসলে মুঘল নেই, ঢেঁকি ঘরে চাঁদোয়া

২৮. 'রত্নাকার' শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক) পানি খ) বাতাস

গ) সমুদ্র ঘ) মাটি

২৯. 'তিনি বললেন যে, বইটা তার দরকার'-এটা কিসের উদাহরণ?

ক) প্রত্যক্ষ

খ) পরোক্ষ উক্তি

গ) কর্তৃবাচ্যে

ঘ) কর্মবাচ্যের

৩০. বাক্যে কোন যোতিচিহ্নের ব্যবহারে থামার প্রয়োজন নেই?

ক) কমা খ) ইলেক

গ) উদ্ধরণ চিহ্ন ঘ) কোলন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | * | ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com